তারিখ ... [illegible]।৮।৮৮
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

005

দৈনিক সংবাদ

# প্রাথমিক বিদ্যালয়ের পূর্ত কাজ একনেক সিদ্ধান্ত নেবে

।। শওকত মাহমুদ ।।

গণপূর্ত অধিদপ্তর, ফ্যাসিলিটিজ বিভাগ না উপজেলা পরিষদ--কে প্রাথমিক বিদ্যালয়গুলোর পূর্তকাজ করবে তা নিয়ে মন্ত্রিপরিষদের গত বৈঠকে দীর্ঘ আলোচনার পর দর্কারফার জন্য বিষয়টি একনেকের কাছে পাঠানো হয়েছে।

বহু আগে শিক্ষা মন্ত্রণালয় থেকে মন্ত্রিপরিষদের বৈঠকে উত্থাপনের জন্যে একটি প্রস্তাব পাঠানো হয়েছিল। এতে ফ্যাসিলিটিজ বিভাগকে শক্তিশালীকরণ এবং এ বিভাগ দ্বারা প্রাথমিক বিদ্যালয়ের পূর্তকাজ সম্পাদন অব্যাহত রাখার কথা জানিয়ে বলা হয়, ১৯৮৫ সালে একনেক (জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি) সিদ্ধান্ত দিয়েছিল যে, প্রাথমিক বিদ্যালয়গুলোর পূর্তকাজ উপজেলা পরিষদের কাছে হস্তান্তর করা উচিত। এ সিদ্ধান্তটির পুনর্বিবেচনাপূর্বক ফ্যাসিলিটিজ বিভাগের দ্বারা কাজ অব্যাহত রাখা উচিত। বিশ্বব্যাংক সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের সাহায্যদাতা হিসেবে এ বিভাগ দ্বারা কাজ করানোর শর্ত দিয়েছে। অন্যবিভাগ দ্বারা এটা করানো সম্ভব

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## প্রাথমিক বিদ্যালয়

(১ম পাতার পর)

নয়, কারণ এটা হয় পুনর্ভরণযোগ্য তহবিলের মাধ্যমে।

মন্ত্রিপরিষদের বৈঠকে বিষয়টি উত্থাপনের পর পূর্তমন্ত্রী শেখ শহীদুল ইসলাম এর প্রতিবাদ করে জানান, গণপূর্ত অধিদপ্তরের মত বিশাল বিভাগের হাতে কোন কাজ নেই। উন্নয়নকাজ বিভিন্ন বিভাগের দ্বারা করানোর জন্য উন্নত মানের নির্মাণ কাজও হয় না, গণপূর্ত অধিদপ্তরের ক্ষমতাও ব্যবহৃত হয় না। বৈঠকে একনেকের পূর্ব সিদ্ধান্ত তথা স্থানীয় সরকারের কাছে দায়িত্ব অর্পণ ইত্যাদি অভিমতও আসে। দীর্ঘ আলোচনা মীমাংসাহীনতার দিকে গড়ানোর পরিপ্রেক্ষিতে নিষ্পত্তি সুপারিশের জন্য বিষয়টি একনেকের কাছে পাঠানোর সিদ্ধান্ত হয়।